দৈনিক সংবাদ

তারিখ 29 OCT 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষক নিয়োগে দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৮শে অক্টোবর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নতুন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নানা ধরনের দুর্নীতি, স্বজনপ্রীতি ও দলীয়করণের অভিযোগ পাওয়া গেছে। জামাত–শিবির সমর্থিত প্রার্থীদের নিয়োগদানের জন্য বাদ দেয়া হচ্ছে অধিকতর যোগ্য প্রার্থীদের। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ফিনান্স বিভাগে প্রভাষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ছাত্র শিবির নেতা নেসার উদ্দিনকে, যার বিরুদ্ধে হাটহাজারী থানায় খুনসহ বিভিন্ন অভিযোগে একাধিক মামলা রয়েছে। সর্বশেষ উদ্ভিদবিদ্যা বিভাগে একটি প্রভাষক পদের মনোনয়নের ক্ষেত্রে অতীতের সকল রেকর্ড ভঙ্গ করা হয়েছে। এই পদে প্রার্থী ছিলেন মোট ২১ জন। তন্মধ্যে তিনজনের পিএইচ,ডি ডিগ্রী, আটজনের চারটিই প্রথম শ্রেণী থাকা সত্ত্বেও নিয়োগ পেয়েছেন যে প্রার্থী তার রয়েছে দু'টি প্রথম ও অপর দু'টিতে দ্বিতীয় শ্রেণী। অথচ বাদ পড়া প্রার্থীদের মধ্যে একজন কানাডা থেকে পিএইচ,ডি ডিগ্রী নিয়েছেন এবং বিদেশী আন্তর্জাতিক জার্নালে তার আটটি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। যাকে নিয়োগ দেয়া হয়েছে তিনি উদ্ভিদবিদ্যা বিভাগেরই জামাত ক্যাডার বলে পরিচিত শিক্ষক আবদুল মালেক চৌধুরীর নিকট আত্মীয় এবং এ নিয়োগে উপাচার্য সরাসরি হস্তক্ষেপ করেন বলে জানা যায়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নতুন বিভাগ ফিনান্স ও মার্কেটিং বিভাগে ইতিপূর্বে যে ক'জন শিক্ষক নিয়োগ লাভ করেছেন তাদের কেউই সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত নন। একাউন্টিং ও ম্যানেজমেন্ট বিভাগে যেসব জামাতপন্থী শিক্ষক কর্মরত ছিলেন তাদেরকেই নতুন বিভাগ দু'টিতে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে আসীন করা হয়েছে, প্রগতিশীল চিন্তা–চেতনার কোন শিক্ষক যাতে বিভাগ দুটিতে নিয়োগ না পান তজ্জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি মহল অত্যন্ত সক্রিয় রয়েছে।